রাজশাহী বোর্ড ২০১৬

হিসাববিজ্ঞান : প্রথম পত্র

বিষয় কোড: ২ ৫ ৩

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট

সৃজনশীল

পূর্ণমান — ৬০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। ক বিভাগ থেকে দুইটি এবং খ বিভাগ থেকে যে কোনো চারটি প্রশ্ন নিয়ে মোট ছয়টি প্রশ্নের উত্তর দাও।]

ক বিভাগ

১.▶২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে পলাশ ট্রেডার্সের রেওয়ামিল নিম্নে প্রদত্ত হলো:

রেওয়ামিল

৩১ ডিসেম্বর ২০১৫

হিসাবের নাম	ডেবিট (টাকা)	ক্রেডিট (টাকা)
মূলধন		১,৫০,০০০
উত্তোলন	১৫,০০০	
হাতে নগদ	৬০,০০০	
প্রাপ্য হিসাব	৬০,০০০	
প্রারম্ভিক মজুদ পণ্য	১৫,০০০	
ক্রয় ও বিক্রয়	১,৪২,০০০	১,৭৮,৫০০
রহিমকে প্রদত্ত ঋণ (১-৬-২০১৫)	৩০,০০০	
অনাদায়ী পাওনা	৩,০০০	
অনাদায়ী পাওনা সঞ্চিতি		৫,০০০
মজুরি	৮,৫০০	
	৩,৩৩,৫০০	৩,৩৩,৫০০

অন্যান্য তথ্য : ১. সমাপনী মজুদ পণ্য মূল্যায়ন করা হয়েছে ৮৫,০০০ টাকা। ২. মজুরি ১,৫০০ টাকা অগ্রিম প্রদান করা হয়েছে। ৩. প্রাপ্য হিসাবের ওপর ১০% অনাদায়ী পাওনা সঞ্চিতি তৈরি করো। ৪. রহিমকে প্রদত্ত ঋণের ওপর ১২% সুদ ধার্য করো।

ক. অনাদায়ী দেনার পরিমাণ নির্ণয় করো। ২

খ. বিক্রীত পণ্যের ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪

গ. পলাশ ট্রেডার্সের আর্থিক অবস্থার বিবরণীর সম্পদের দিক প্রদর্শন করো। ৪

২.▶২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে সুমন ট্রেডার্স-এর রেওয়ামিলটি নিম্নে প্রদত্ত হলো:

রেওয়ামিল

৩১ ডিসেম্বর, ২০১৫

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
প্রারম্ভিক মজুদ পণ্য	২০,০০০	
ক্রয় ও বিক্রয়	৯০,০০০	১,২৫,০০০
মূলধন		১,০০,০০০
উত্তোলন	১০,০০০	
১০% ঋণ (১-৭-২০১৫)		৮০,০০০
মজুরি	১২,৫০০	
বেতন (১০ মাস)	৩০,০০০	
বিজ্ঞাপন	১৫,০০০	
আসবাবপত্র	৫০,০০০	
প্রাপ্য হিসাব	৪২,৫০০	
প্রদেয় হিসাব		২৫,০০০
১২% বিনিয়োগ (১-৩-২০১৫)	৭০,০০০	
ব্যাংক জমাতিরিক্ত		১০,০০০
	৩,৪০,০০০	৩,৪০,০০০

অন্যান্য তথ্য : ১. সমাপনী মজুদ পণ্য ৪৫,০০০ টাকা মূল্যায়নের পর ৫,০০০ টাকার পণ্য আগুনে বিনষ্ট হয়েছে। ২. বিজ্ঞাপনের $\frac{১}{৩}$ অংশ অবলোপন করো। ৩. প্রাপ্য হিসাবের ২,৫০০ টাকা আদায়যোগ্য নয়। অবশিষ্ট প্রাপ্য হিসাবের ওপর ৫% অনাদায়ী পাওনা সঞ্চিতি তৈরি করো। ৪. আসবাবপত্রের ওপর ১০% অবচয় ধার্য করো।

ক. বিলম্বিত বিজ্ঞাপনের পরিমাণ নির্ণয় করো। ২

খ. মোট লাভ ৬৭,৫০০ টাকা ধরে নিট লাভ বা নিট ক্ষতির পরিমাণ নির্ণয় করো। ৪

গ. ৩১ ডিসেম্বর ২০১৫ তারিখে সুমন ট্রেডার্স-এর মোট দায়ের পরিমাণ নির্ণয় করো। ৪

খ বিভাগ

৩.▶ পদ্মা ট্রেডার্স ২৫ নিউমার্কেট-ঢাকা, ১ জুন ২০১৫ তারিখে মেঘনা ট্রেডার্স, ৫ নরেশ রোড, পাবনা-এর নিকট বাকিতে কিছু পণ্য বিক্রয় করেন। ১০% কারবারি বাট্টায় প্রতিটি ১,০০০ টাকা দরে ১৫০ পিস শার্ট এবং প্রতিটি ১,২০০ টাকা দরে ২০০ পিস প্যান্ট বিক্রি করেন। ২৫ পিস প্যান্ট ত্রুটিপূর্ণ হওয়ায় ক্রেতা তা বিক্রেতাকে ফেরত দেন।

ক. পদ্মা ট্রেডার্স-এর কারবারি বাট্টার পরিমাণ নির্ণয় করো। ২

খ. পদ্মা ট্রেডার্সের পক্ষে একটি চালান তৈরি করো। ৪

গ. মেঘনা ট্রেডার্সের পক্ষে একটি ডেবিট নোট তৈরি করো। ৪

৪.▶২০১৫ সালের ১ জানুয়ারি তারিখে মি. রতন ২০,০০০ টাকা নগদ এবং ২৫,০০০ টাকার আসবাবপত্র নিয়ে ব্যবসায় আরম্ভ করেন। ঐ মাসে অন্যান্য লেনদেনগুলো হলো:

জানুয়ারি	৪	রহিমের নিকট নগদে পণ্য বিক্রয় ১০,০০০ টাকা।
"	১০	বিজ্ঞাপনের উদ্দেশ্যে পণ্য বিতরণ ৫০০ টাকা।
"	১২	সোনালী ব্যাংকে চলতি হিসাব খোলা হলো ৩,০০০ টাকা।
"	১৫	চেক মারফত পণ্য বিক্রয় ৫,০০০ টাকা।
"	২০	ব্যাংক হতে উত্তোলন করা হলো ২,০০০ টাকা।
"	২৮	মুনাফাবিহীন পণ্য বিক্রয় ৩,০০০ টাকা।

ক. মি. রতনের ব্যবসায়ের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় করো। ২

খ. জানুয়ারি ৪, ১০, ১৫ ও ২০ তারিখের লেনদেনগুলোর জাবেদা দেখাও। (ব্যাখ্যার প্রয়োজন নাই) ৪

গ. মি. রতনের ব্যবসায়ের বিক্রয় হিসাব এবং ব্যাংক হিসাব প্রস্তুত করো। ৪

৫.▶বাবুল ট্রেডার্স অগ্রদত্ত পদ্ধতিতে খুচরা নগদান বই সংরক্ষণ করে। অগ্রদত্ত টাকার পরিমাণ ৬০০ টাকা। ২০১৫ সালের জুন মাসে মোট খুচরা খরচের পরিমাণ ছিল ৪৫০ টাকা। জুলাই মাসে উক্ত প্রতিষ্ঠানের খুচরা খরচগুলো নিম্নরূপ:

২০১৫		
জুলাই	১	প্রধান ক্যাশিয়ারের নিকট হতে অগ্রদত্ত অঙ্ক পূরণের জন্য চেক প্রাপ্তি।
"	৩	কাগজ ও কলম ক্রয় ৫০ টাকা।
"	৫	ডাক টিকিট ক্রয় ৩০ টাকা।
"	৯	পিয়নকে বখশিস প্রদান ২০ টাকা।
"	১৫	রিকশা ভাড়া ৪০ টাকা।
"	২০	মনিহারি দ্রব্য ক্রয় ৭০ টাকা।
"	২৫	টেলিগ্রাম বাবদ ব্যয় ৮০ টাকা।
"	২৮	বাস ভাড়া প্রদান ৬০ টাকা।

ক. প্রারম্ভিক খুচরা নগদ তহবিলের পরিমাণ নির্ণয় করো। ২

খ. অগ্রদত্ত পদ্ধতিতে খুচরা নগদান বহি প্রস্তুত করো। ৪

গ. জুলাই ৩, ৯, ১৫ ও ২৫ তারিখের লেনদেনগুলোর জাবেদা দেখাও। (ব্যাখ্যার প্রয়োজন নাই) ৪

৬.▶২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে যমুনা ট্রেডার্স-এর নগদান বইতে ২৬,৫০০ টাকা উদ্বৃত্ত দেখা গেল; কিন্তু ঐ একই তারিখে পাস বইয়ের উদ্বৃত্ত নগদান বইয়ের উক্ত উদ্বৃত্তের সমপরিমাণ হলো না। এ সম্পর্কে যথারীতি নিরীক্ষা করার পর নিম্নলিখিত গরমিলগুলো বের হয়:

i. পরিশোধের জন্য ইস্যুকৃত মোট ১০,০০০ টাকার চেকের মধ্যে ৬,৫০০ টাকার চেক ব্যাংক কর্তৃক পরিশোধিত হয়েছে।

ii. আদায়ের জন্য ব্যাংকে জমাকৃত চেক ৩,০০০ টাকা কিন্তু ভুলে নগদান বইতে লেখা হয়নি।

iii. ২,৫০০ টাকার একখানা প্রদেয় বিল ব্যাংক কর্তৃক পরিশোধিত কিন্তু হয়েছে কিন্তু নগদান বইতে লেখা হয়নি।

iv. ৫,০০০ টাকার প্রাপ্য বিল ৪,৮০০ টাকায় বাট্টা করা হয়েছে কিন্তু নগদান বইতে প্রাপ্য বিলের সম্পূর্ণ মূল্য লেখা হয়েছে।

v. ব্যাংক কর্তৃক মঞ্জুরিকৃত সুদ ২৫০ টাকা ৩১ ডিসেম্বর তারিখের মধ্যে নগদান বইতে লিপিবদ্ধ করা হয়নি।

ক. (iv) নং মোতাবেক নগদান বইতে কত টাকা বেশি দেখানো হয়েছে তার পরিমাণ নির্ণয় করো। ২

খ. নগদান বইতে হিসাবভুক্ত করা হয়নি-এরূপ টাকার পরিমাণ নির্ণয় করো। ৪

গ. উপরের তথ্যাবলি হতে ব্যাংক সমন্বয় বিবরণী তৈরি করো। ৪

৭.▶হানিফ ট্রেডার্স-এর ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে খতিয়ানের উদ্বৃত্তসমূহ নিম্নরূপ:

	টাকা
প্রারম্ভিক মজুদ পণ্য	১৫,০০০
হাতে নগদ	৫,০০০
প্রদেয় হিসাব	১৪,০০০
সমাপনী মজুদ পণ্য	৩০,০০০
মূলধন	১,০৫,৫০০
কলকব্জা	৬৮,০০০
উত্তোলন	৭,০০০
বিক্রয়	৮০,০০০
ব্যাংক জমা (১-১-২০১৫)	৩,০০০
প্রদেয় বিল	১,০০০

শিক্ষানবিশ ভাতা	৩,০০০
বিক্রয়ের ওপর বাট্টা	৫০০
বকেয়া বেতন	৮০০
ঋণের সুদ	১,৮০০
বহিঃফেরত	১,৫০০
পণ্য ক্রয়	৭০,০০০
ব্যাংক জমাতিরিক্ত	২,৫০০
প্রাপ্য হিসাব	৩,৫০০

ক. সমন্বিত ক্রয়ের পরিমাণ নির্ণয় করো। ২

খ. রেওয়ামিল তৈরি করো। ৪

গ. চলতি সম্পদ ও চলতি দায়ের পরিমাণ নির্ণয় করো। ৪

৮.▶হাবিব ম্যানুফ্যাকচারিং কোম্পানি ১ জানুয়ারি, ২০১২ সালে ৪,৯০,০০০ টাকায় একটি মেশিন ক্রয় করে। কোম্পানি প্রত্যাশা করে মেশিনটি মোট ১৮,০০০ ঘণ্টা ব্যবহার করা যাবে। আয়ুষ্কাল শেষে মেশিনটির ভগ্নাবশেষ মূল্য হবে ৪০,০০০ টাকা। মেশিনটি ২০১২ সালে ২,৫০০ ঘণ্টা, ২০১৩ সালে ২,৮০০ ঘণ্টা, ২০১৪ সালে ৩,২০০ ঘণ্টা এবং ২০১৫ সালে ৩,৫০০ ঘণ্টা ব্যবহার করা হয়েছিল।

ক. ঘণ্টা প্রতি মেশিনের অবচয়ের পরিমাণ নির্ণয় করো। ২

খ. কর্মঘণ্টা হার পদ্ধতিতে মেশিনের চার বছরের অবচয় সারণি তৈরি করো। ৪

গ. চার বছরের জন্য পুঞ্জীভূত অবচয় হিসাব তৈরি করো। ৪

৯.▶মি. হাসান তার ব্যবসায়ের হিসাব বই দু-তরফা দাখিলা পদ্ধতি অনুযায়ী সংরক্ষণ করেন না। তার হিসাব বই হতে নিম্নোক্ত উদ্বৃত্তসমূহ নেয়া হয়েছে:

বিবরণ	১-১-১৫ (টাকা)	৩১-১২-১৫ (টাকা)
নগদ তহবিল	৪,৮০০	৬,৮০০
ব্যাংক উদ্বৃত্ত	৫,০০০	২,০০০ (ক্রে:)
মজুদ পণ্য	৩০,০০০	৪৫,০০০
প্রাপ্য হিসাব	২৫,০০০	৩৫,০০০
প্রদেয় হিসাব	১০,০০০	১৩,০০০
আসবাবপত্র	১৫,০০০	
১০% বিনিয়োগ (১-৪-২০১৫)		২৪,০০০

হাসান তার নিজ প্রয়োজনে নগদ ১৫,০০০ টাকা এবং ৫,০০০ টাকা মূল্যের পণ্য উত্তোলন করেন। উত্তোলনের অর্থ হতে তিনি ব্যবসায়ের জন্য ৫,০০০ টাকা মূল্যের একটি ডেলিভারী ভ্যান ক্রয় করেন।

অন্যান্য তথ্য : ১. প্রাপ্য হিসাবের ২,০০০ টাকা আদায়যোগ্য নয়। অবশিষ্ট প্রাপ্য হিসাবের ওপর ৫% অনাদায়ী পাওনা সঞ্চিতি তৈরি করতে হবে। ২. বিনিয়োগের সুদ এখনো অনাদায়ী রয়েছে। ৩. আসবাবপত্রের ওপর ১০% অবচয় ধার্য করো।

ক. উত্তোলনের পরিমাণ নির্ণয় করো। ২

খ. প্রারম্ভিক মূলধন ৬৯,৮০০ টাকা এবং সমাপনী মূলধন ১,১৫,৮০০ টাকা ধরে নিট লাভ বা নিট ক্ষতির পরিমাণ নির্ণয় করো। ৪

গ. ৩১-১২-২০১৫ তারিখে মি. হাসানের ব্যবসায়ের মোট সম্পদের পরিমাণ নির্ণয় করো। ৪

উত্তরমালা

১. ক. অনাদায়ী দেনার পরিমাণ ৪,০০০ টাকা। খ. বিক্রীত পণ্যের ব্যয় ৭৯,০০০ টাকা। গ. মোট সম্পদ ২,৩২,৬০০ টাকা।

২. ক. বিলম্বিত বিজ্ঞাপন ১০,০০০ টাকা। খ. নিট মুনাফা ১৫,০০০ টাকা। গ. মোট দায় ১,২৫,০০০ টাকা।

৩. ক. মোট কারবারি বাট্টা ৩৯,০০০ টাকা।

৪. ক. প্রারম্ভিক মূলধন ৪৫,০০০ টাকা। খ. জাবেদার যোগফল ১৭,৫০০ টাকা। গ. বিক্রয় হিসাবের জের ১২,০০০ টাকা (ক্রেডিট) এবং ব্যাংক হিসাবের জের ৬,০০০ টাকা (ডেবিট)।

৫. ক. প্রারম্ভিক খুচরা নগদ তহবিল ১৫০ টাকা। খ. খুচরা নগদ উদ্বৃত্ত ২৫০ টাকা। গ. জাবেদার যোগফল ১৯০ টাকা।

৬. ক. বেশি দেখানো হয়েছে ২০০ টাকা। খ. নগদান বইতে লেখা হয়নি ৫,৭৫০ টাকা। গ. ব্যাংক বিবরণী অনুযায়ী ব্যাংক জমার উদ্বৃত্ত ৩০,৫৫০ টাকা।

৭. ক. সমন্বিত ক্রয় ৫৩,৫০০ টাকা। খ. রেওয়ামিলের যোগফল ২,০৫,৩০০ টাকা এবং অনিশ্চিত হিসাব ৩১,৫০০ টাকা (ডেবিট)। গ. চলতি সম্পদ ৩৮,৫০০ টাকা এবং চলতি দায় ১৮,৩০০ টাকা।

৮. ক. **অবচয়ের পরিমাণ :** ২০১২ – ৪৫,০০০ টাকা এবং ২০১৩ – ৪০,৫০০ টাকা। খ. মেশিন হিসাবের জের ৬,৫০,০০০ টাকা। গ. পুঞ্জীভূত অবচয় – মেশিন হিসাবের জের ২,২০,০০০ টাকা।

৯. ক. মোট উত্তোলন ১৫,০০০ টাকা। খ. নিট মুনাফা ৫৭,৬৫০ টাকা। গ. মোট সম্পদ ১,২৭,৪৫০ টাকা।

রাজশাহী বোর্ড-২০১৬

হিসাববিজ্ঞান: প্রথম পত্র

বিষয় কোড: ২ ৫ ৩

সময় — ৪০ মিনিট

বহুনির্বাচনি

পূর্ণমান — ৪০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি

১. একতরফা দাখিলা পদ্ধতিতে নিচের কোন হিসাবটি রাখা হয় না?
ⓚ ব্যক্তিবাচক হিসাব ⓚ নগদান বই
ⓖ সম্পত্তিবাচক হিসাব ⓖ নামিক হিসাব

২. মূলধন জাতীয় ব্যয়ের উদাহরণ হলো—
i. যন্ত্রপাতি সংস্থাপন ব্যয় ii. যন্ত্রপাতি মেরামত ব্যয়
iii. যন্ত্রপাতি ক্রয়ের জাহাজ ভাড়া
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ ii ও iii ⓖ i ও iii ⓖ i, ii ও iii

৩. তাসকিনের নিকট হতে ২০০ টাকা পেয়ে তার হিসাবকে ডেবিট করা হয়েছে, এর সংশোধনী জাবেদা হবে—
ⓚ অনিশ্চিত হিসাব ডেবিট ২০০ টাকা
তাসকিন হিসাব ক্রেডিট ২০০ টাকা
ⓚ তাসকিন হিসাব ডেবিট ২০০ টাকা
অনিশ্চিত হিসাব ক্রেডিট ২০০ টাকা
ⓖ অনিশ্চিত হিসাব ডেবিট ৪০০ টাকা
তাসকিন হিসাব ক্রেডিট ৪০০ টাকা
ⓖ তাসকিন হিসাব ডেবিট ৪০০ টাকা
অনিশ্চিত হিসাব ক্রেডিট ৪০০ টাকা

৪. প্রাপ্য হিসাবের মূল উৎস কোনটি?
ⓚ ধারে বিক্রয় ⓚ পণ্য ক্রয়
ⓖ অনাদায়ী পাওনা ⓖ ভাড়া প্রদান

উদ্দীপকটি পড়ো এবং ৫-৭ নং প্রশ্নের উত্তর দাও।
নাছির ট্রেডার্স-এর প্রাপ্য হিসাবে প্রারম্ভিক উদ্বৃত্ত ৮০,০০০ টাকা, চলতি বছরে নিট ধারে বিক্রয় ১,২০,০০০ টাকা, পূর্ববর্তী অনাদায়ী পাওনা সঞ্চিতির ক্রেডিট ব্যালেন্স ছিল ৫,৫০০ টাকা, প্রাপ্য হিসাবের ৫,০০০ টাকা আদায়যোগ্য নয়। প্রতিষ্ঠানটি ধারে বিক্রয়ের ওপর ৫% হারে সঞ্চিতির ব্যবস্থা করে।

৫. সমাপনী প্রাপ্য হিসাবের জের কত?
ⓚ ১,৮৯,০০০ টাকা ⓚ ১,৯০,০০০ টাকা
ⓖ ১,৯৫,০০০ টাকা ⓖ ২,০০,০০০ টাকা

৬. নতুন অনাদায়ী পাওনা সঞ্চিতির পরিমাণ কত হবে?
ⓚ ৪,০০০ টাকা ⓚ ৬,০০০ টাকা
ⓖ ৯,৭৫০ টাকা ⓖ ১০,০০০ টাকা

৭. যদি প্রাপ্য হিসাবের ২০,০০০ টাকা আদায় হয় তখন অনাদায়ী পাওনা সঞ্চিতির পরিমাণ কত হবে?
ⓚ ৮,৫০০ টাকা ⓚ ৮,৭৫০ টাকা
ⓖ ৯,০০০ টাকা ⓖ ১০,৭৫০ টাকা
*সঠিক উত্তর: ৬,০০০ টাকা।

৮. কোনটিকে সহকারী বিবরণী বলা হয়?
ⓚ রেওয়ামিল ⓚ খতিয়ান
ⓖ কার্যপত্র ⓖ নগদান বই

৯. মেয়াদ অনুত্তীর্ণ বিজ্ঞাপন কোন ধরনের ব্যয়?
ⓚ মূলধন জাতীয় ব্যয় ⓚ মুনাফা জাতীয় ব্যয়
ⓖ চলতি ব্যয় ⓖ বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়

১০. যদি বিজ্ঞাপন খরচ ১৮,০০০ টাকার ৩/৫ ভাগ অবলোপন করা হয় তখন বিলম্বিত বিজ্ঞাপন ব্যয় কত হবে?
ⓚ ৩,৬০০ টাকা ⓚ ৬,০০০ টাকা
ⓖ ১০,৮০০ টাকা ⓖ ৭,২০০ টাকা

১১. কোন ধরনের হিসাবের জন্য সমাপনী দাখিলা দেয়া হয়?
ⓚ ব্যক্তিবাচক হিসাব ⓚ নামিক হিসাব
ⓖ সম্পত্তি হিসাব ⓖ দায় হিসাব

১২. একতরফা দাখিলা পদ্ধতিতে ব্যবসায়ের আর্থিক অবস্থা জানতে নিচের কোনটি প্রস্তুত করা হয়?
ⓚ লাভ-ক্ষতি হিসাব ⓚ আয় বিবরণী
ⓖ বিষয় বিবরণী ⓖ উদ্বর্তপত্র

১৩. চেক প্রস্তুতকারীকে বলা হয়—
ⓚ প্রাপক ⓚ স্বীকৃতিকারী
ⓖ আমানতকারী ⓖ আদেষ্টা
*সঠিক উত্তর: গ + ঘ

১৪. প্রদেয় বেতন ও অনুপার্জিত আয় আধুনিক পদ্ধতিতে একটি—
ⓚ আয় ⓚ ব্যয় ⓖ দায় ⓖ সম্পদ

১৫. ব্যয় নিয়ন্ত্রণ করে কী অর্জিত হয়?
ⓚ মোট আয় ⓚ নিট আয়
ⓖ সঞ্চিতি ⓖ আর্থিক সচ্ছলতা

১৬. ডেবিট নোটে উল্লেখ থাকে—
i. মালের পরিমাণ ii. মালের দর
iii. কারবারি বাট্টা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ ii ও iii ⓖ i ও iii ⓖ i, ii ও iii

১৭. নিচের কোনটি প্রত্যক্ষ খরচ?
ⓚ শুল্ক খরচ ⓚ ভাড়া খরচ
ⓖ কমিশন প্রদান ⓖ অফিস খরচ

উদ্দীপকটি পড়ো এবং ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও।
জনাব মোস্তাফিজ ১ জানুয়ারি ২০১৫ তারিখে নগদ ৫০,০০০ টাকা, ১০,০০০ টাকার সোফাসেট, ১০% ব্যাংক ঋণ ২০,০০০ টাকা ও ৫,০০০ টাকার প্রদেয় হিসাব নিয়ে ব্যবসায় শুরু করলেন।

১৮. মালিকানা স্বত্বের পরিমাণ হবে—
ⓚ ৩৫,০০০ টাকা ⓚ ৫৫,০০০ টাকা
ⓖ ৬০,০০০ টাকা ⓖ ৭৫,০০০ টাকা

১৯. জনাব মোস্তাফিজ ১০% ব্যাংক ঋণ নেয়ায় ব্যবসায়ের কোন হিসাব খাত প্রভাবিত হবে?
ⓚ মোস্তাফিজ হিসাব ও ১০% ব্যাংক ঋণ হিসাব
ⓚ মালিকানা স্বত্ব ও ১০% ব্যাংক ঋণ হিসাব
ⓖ ১০% ব্যাংক ঋণ হিসাব
ⓖ নগদান ও ১০% ব্যাংক ঋণ হিসাব

২০. যন্ত্রপাতি ক্রয় ৩,০০,০০০ টাকা, যানবাহন খরচ ২০,০০০ টাকা ও সংস্থাপন ব্যয় ৩০,০০০ টাকা হলে, সঠিক জাবেদা কোনটি?
ⓚ যন্ত্রপাতি হিসাব ডেবিট ৩,২০,০০০ টাকা
নগদান হিসাব ক্রেডিট ৩,২০,০০০ টাকা
ⓚ যন্ত্রপাতি হিসাব ডেবিট ৩,৩০,০০০ টাকা
প্রদেয় হিসাব ক্রেডিট ৩,৩০,০০০ টাকা
ⓖ যন্ত্রপাতি হিসাব ডেবিট ৩,৫০,০০০ টাকা
নগদান হিসাব ক্রেডিট ৩,৫০,০০০ টাকা
ⓖ যন্ত্রপাতি হিসাব ডেবিট ৩,০০,০০০ টাকা
সংস্থাপন ব্যয় হিসাব ডেবিট ৩০,০০০ টাকা
বহন খরচ হিসাব ডেবিট ২০,০০০ টাকা
নগদান হিসাব ক্রেডিট ৩,৫০,০০০ টাকা

২১. নিচের কোনটি অভ্যন্তরীণ লেনদেনের উদাহরণ?
ⓚ সম্পদ ক্রয় ⓚ দায় পরিশোধ
ⓖ সেবা প্রদান ⓖ মনিহারি দ্রব্য ব্যবহার

২২. হিসাববিজ্ঞানে তিনটি 'C' আছে, এগুলো দ্বারা বোঝায়—
ⓚ Cost, consumer, consistency
ⓚ Cost, consistency, conservatism
ⓖ Cost, consistency, convention
ⓖ Cost, communication, consistency

২২. হিসাববিজ্ঞানে তিনটি 'C' আছে, এগুলো দ্বারা বোঝায়—
ক) Cost, consumer, consistency
খ) Cost, consistency, conservatism
গ) Cost, consistency, convention
ঘ) Cost, communication, consistency

২৩. বিজ্ঞাপন খরচ একটি—
ক) বাজারজাতকরণ খরচ খ) প্রশাসনিক খরচ
গ) উৎপাদন খরচ ঘ) কারখানা খরচ

২৪. প্রাপ্য হিসাবকে নগদ বাট্টা দেয়া হয় কারণ—
ক) ধারে বিক্রয় বৃদ্ধির জন্য
খ) দ্রুত টাকা পরিশোধে উৎসাহিত করার জন্য
গ) প্রাপ্য হিসাবের সাথে সম্পর্ক বৃদ্ধির জন্য
ঘ) প্রাপ্য হিসাবের স্বার্থ রক্ষার জন্য

২৫. ব্যবসায়ের আর্থিক অবস্থার পরিবর্তন ঘটায় কোনটি?
ক) ক্রয় বাট্টা খ) বিক্রয় বাট্টা
গ) নগদ বাট্টা ঘ) পরিমাণ ভাট্টা

২৬. ব্যাংক জমাতিরিক্ত উত্তোলন বোঝায়—
i. নগদান বইয়ের ক্রেডিট ব্যালেন্স
ii. ব্যাংক বিবরণীর ডেবিট ব্যালেন্স
iii. ব্যাংক বিবরণীর ক্রেডিট ব্যালেন্স
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ২৭-২৯ নং প্রশ্নের উত্তর দাও।
৩১ ডিসেম্বর, ২০১৫ তারিখে মুশফিকের হিসাব বই থেকে নিচের খতিয়ান উদ্বৃত্তসমূহ দেয়া হলো—
প্রারম্ভিক মজুদ পণ্য ১৫,০০০ টাকা, ক্রয় ৪৫,০০০ টাকা, মজুরি ১২,০০০ টাকা, কারখানা ভাড়া ৩,০০০ টাকা, সমাপনী মজুদ পণ্য ২২,০০০ টাকা।

২৭. বিক্রীত পণ্যের ব্যয় কত?
ক) ৩৮,০০০ টাকা খ) ৪১,০০০ টাকা
গ) ৫০,০০০ টাকা ঘ) ৫৩,০০০ টাকা

২৮. সমন্বিত ক্রয়ের পরিমাণ কত?
ক) ৩৩,০০০ টাকা খ) ৩৮,০০০ টাকা
গ) ৪৮,০০০ টাকা ঘ) ৫৩,০০০ টাকা

২৯. যদি বিক্রয়ের পরিমাণ ৭০,০০০ টাকা হয় তাহলে মোট মুনাফা কত?
ক) ১৭,০০০ টাকা খ) ২০,০০০ টাকা
গ) ২৯,০০০ টাকা ঘ) ৩২,০০০ টাকা

৩০. পুঞ্জীভূত অবচয় হলো একটি—
ক) সম্পদ হিসাব খ) বিপরীত সম্পদ হিসাব
গ) দায় হিসাব ঘ) খরচ হিসাব

৩১. স্থিরকিস্তি পদ্ধতিতে ধার্যের ক্ষেত্রে বিবেচনা করতে হয় কোনটি?
i. সম্পত্তির ক্রয়মূল্য ii. সম্পত্তির ভগ্নাবশেষ মূল্য
iii. আনুমানিক আয়ুষ্কাল
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ৩২ ও ৩৩ নং প্রশ্নের উত্তর দাও।
রনি লিমিটেড ১ জানুয়ারি, ২০১৪ তারিখে ৩,০০,০০০ টাকা মূল্যের একটি মেশিন ক্রয় করে। যদি মেশিনটির ভগ্নাবশেষ মূল্য ২০,০০০ টাকা ও আনুমানিক আয়ুষ্কাল ১০ বছর হয় এবং ক্রমহ্রাসমান পদ্ধতিতে অবচয় নির্ণয় করা হয়, তখন—

৩২. ২০১৪ সালের জন্য মেশিনটির অবচয়যোগ্য মূল্য কত?
ক) ২,৭০,০০০ টাকা খ) ২,৮০,০০০ টাকা
গ) ৩,০০,০০০ টাকা ঘ) ৩,২০,০০০ টাকা

৩৩. ২০১৫ সালের জন্য অবচয়ের পরিমাণ নির্ণয় করো—
ক) ২৪,০০০ টাকা খ) ৪৮,০০০ টাকা
গ) ৫৬,০০০ টাকা ঘ) ৬০,০০০ টাকা

৩৪. IFRS-এর পূর্ণরূপ কোনটি?
ক) International Financial Reporting Standards
খ) International Financial Reporting Standards
গ) International Financial Recording Standards
ঘ) International Accounting Financial Reporting Standards
*সঠিক উত্তর: ক + খ

৩৫. বর্তমানে ব্যাংক সমন্বয় বিবরণীর কোন পদ্ধতি অধিক গ্রহণীয়?
ক) একক জের পদ্ধতি
খ) আমানতকারীর বই সংশোধন পদ্ধতি
গ) উভয় জের সংশোধন পদ্ধতি
ঘ) মিশ্র পদ্ধতি

৩৬. অবচয় ধার্যের ক্ষেত্রে হিসাববিজ্ঞানের কোন নীতি প্রভাব বিস্তার করে?
ক) হিসাবকাল ধারণা খ) স্বত্তার ধারণা
গ) চলমান প্রতিষ্ঠান ধারণা ঘ) রক্ষণশীলতা প্রথা

উদ্দীপকটি পড়ো এবং ৩৭-৩৯ নং প্রশ্নের উত্তর দাও।
জনাব মাশরাফি ১ জানুয়ারি ২০১৫ তারিখে ৩,০০,০০০ টাকা মূলধন নিয়ে ব্যবসায় আরম্ভ করলেন। বছর শেষে তার সম্পদ ও দায় ছিল নিম্নরূপ:
নগদ উদ্বৃত্ত ১,০০,০০০ টাকা, ডেলিভারি ভ্যান ৫০,০০০ টাকা, প্রাপ্য হিসাব ৭০,০০০ টাকা, প্রদেয় হিসাব ১,৫০,০০০ টাকা, সমাপনী মজুদ পণ্য ৫,০০,০০০ টাকা, বিনিয়োগ ৮০,০০০ টাকা, ব্যাংক জমার ক্রেডিট ব্যালেন্স ৩০,০০০ টাকা।

৩৭. সমাপনী মূলধনের পরিমাণ নির্ণয় করো—
ক) ৩,২০,০০০ টাকা খ) ৫,৪০,০০০ টাকা
গ) ৬,২০,০০০ টাকা ঘ) ৬,৮০,০০০ টাকা

৩৮. নিট লাভের পরিমাণ কত?
ক) ২০,০০০ টাকা খ) ২,৪০,০০০ টাকা
গ) ৩,২০,০০০ টাকা ঘ) ৩,৮০,০০০ টাকা

৩৯. যদি প্রাপ্য হিসাবের ওপর ৫% অনাদায়ী পাওনা প্রভিশন ধার্য করা হয় তা হলে আর্থিক অবস্থার ওপর কী প্রভাব পড়বে?
ক) সম্পত্তি হ্রাস ও মালিকানা স্বত্ব হ্রাস পাবে
খ) সম্পত্তি বৃদ্ধি ও মালিকানা স্বত্ব বৃদ্ধি পাবে
গ) সম্পত্তি হ্রাস ও মালিকানা স্বত্ব বৃদ্ধি পাবে
ঘ) দায় হ্রাস ও স্বত্বাধিকার বৃদ্ধি পাবে

৪০. নিচের কোনটি রেওয়ামিলে অন্তর্ভুক্ত হয় না?
ক) সমাপনী নগদ তহবিল
খ) সমাপনী ব্যাংক ব্যালেন্স
গ) প্রারম্ভিক ব্যাংক ব্যালেন্স
ঘ) প্রারম্ভিক মজুদ পণ্য

উত্তরমালা

১	ঘ	২	গ	৩	গ	৪	ক	৫	ক	৬	খ	৭	*	৮	গ	৯	ঘ	১০	ঘ	১১	খ	১২	গ	১৩	*	১৪	গ	১৫	ঘ	১৬	ঘ	১৭	ক	১৮	ঘ	১৯	ঘ	২০	গ
২১	ঘ	২২	খ	২৩	ক	২৪	খ	২৫	গ	২৬	ক	২৭	ঘ	২৮	খ	২৯	ক	৩০	খ	৩১	ঘ	৩২	খ	৩৩	খ	৩৪	*	৩৫	গ	৩৬	গ	৩৭	গ	৩৮	খ	৩৯	ক	৪০	গ